



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## সিটিজেন চার্টার

**আমাদের পরিচিতি:** পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহতভাবে পল্লী উন্নয়ন সম্পর্কিত গবেষণা পরিচালনার উদ্দেশ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় দু'টি বিভাগ নিয়ে গঠিত। একটি হ'ল স্থানীয় সরকার বিভাগ, অপরটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর তত্ত্বাবধানে একজন সচিব এ বিভাগের দায়িত্ব পালন করছেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় রয়েছে ১টি অধিদপ্তর ও ৬টি সংস্থা। এগুলো হল সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কুমিল্লা, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) কোটালীপাড়া, গোপালগঞ্জ, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এবং ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), ঢাকা। বিআরডিবি ও সমবায় অধিদপ্তরের রয়েছে প্রত্যেক উপজেলা পর্যন্ত সাংগঠনিক কাঠামো। বিআরডিবি মূলত সমবায় এবং অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্রঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করে থাকে। সমবায় অধিদপ্তর সমবায় সংগঠনের মাধ্যমে সমন্বিত পুঁজি সৃষ্টি এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় সহযোগিতা করে। আরডিএ, বার্ড ও বাপার্ড পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা, প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন কৌশল উদ্ভাবন করে থাকে এবং সরকারি/বেসরকারি কর্মকর্তা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ এবং উপকারভোগীদের প্রশিক্ষণ দিয়ে থাকে।

### আমাদের দায়িত্ব:

- দেশে পল্লী উন্নয়ন বিষয়ক ভাবনাকে ধারণ করে পল্লী উন্নয়ন বিষয়ক নীতিমালা প্রণয়ন ও তার বাস্তবায়ন;
- পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মসূচির মধ্যে সমন্বয় সাধন এবং চাহিদার নিরিখে কর্মকৌশল প্রণয়ন;
- পল্লী উন্নয়ন বিষয়ক কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন এবং সমন্বয় সাধন;
- পল্লী উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নের নতুন নতুন মডেল উদ্ভাবন;
- সমবায় প্রশাসনকে সুসংগঠিত করে সমবায় আন্দোলনকে বেগবান করা;
- বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
- সমবায় ও পল্লী উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনের সাথে যোগাযোগ স্থাপন ইত্যাদি।

### আমাদের লক্ষ্য:

- পল্লী উন্নয়ন বিষয়ে এ যাবৎ অর্জিত সাফল্যকে ধারণ করে চাহিদার নিরিখে পল্লী উন্নয়ন বিষয়ে সমন্বয়যোগী নতুন নতুন কৌশল উদ্ভাবনের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা ;
- পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা ও প্রায়োগিক গবেষণাকে উৎসাহিত করা ;
- পল্লী উন্নয়ন সংক্রান্ত কেন্দ্রীয় ডাটাবেইজ তৈরি করা এবং এ বিষয়ের সাথে সংশ্লিষ্ট দেশীয়, আঞ্চলিক/আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর সাথে যোগসূত্র স্থাপন করা ;
- সময়ের চাহিদার সাথে সংগতি রেখে সমবায় পদ্ধতিকে যুগোপযোগী করা;
- সমবায়ীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা;
- প্রশিক্ষণের মাধ্যমে এ বিভাগের কর্ম দক্ষতা বৃদ্ধি করা।

## আমাদের অঙ্গীকারঃ

- এ বিভাগের কর্মদক্ষতা যাতে আরো বৃদ্ধি পায় সে বিষয়ে সচেষ্ট থাকা ;
- এ বিভাগের সকল কর্মীর মধ্যে যাতে সেবামূলক মনোভাব বৃদ্ধি পায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা ;
- ব্যক্তি/বেসরকারি পর্যায়ে প্রাপ্ত পত্রের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করে ১৫ দিনের মধ্যে তা নিষ্পত্তির চেষ্টা করা এবং এ সময়ের মধ্যে তা নিষ্পন্ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রগতির বিষয়টি অবহিত করে তাঁকে আশ্বস্ত করা;
- আগত ব্যক্তিদের আইনের কাঠামোর মধ্যে থেকে সহযোগিতা করা ;
- অফিসে সময়মত উপস্থিতিসহ সার্বক্ষণিক অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করা;
- সচিবালয় নির্দেশিকায় বর্ণিত সময়সীমার মধ্যে সকল বিষয় নিষ্পত্তি করার প্রচেষ্টা নেয়া ;
- অবসরে যাওয়া কর্মকর্তা/কর্মচারীদের দুর্ভোগ লাঘবে এ বিভাগে প্রাপ্তির ৭ কার্য দিবসের মধ্যে পেনশন কেসগুলো নিষ্পত্তি সংক্রান্ত আদেশ আবেদনকারীকে জানিয়ে দেয়া;
- অফিসের পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করার প্রচেষ্টা গ্রহণ করা;
- নিয়মিত তদারকি/পরিদর্শনের মাধ্যমে বিভিন্ন শাখার কর্মদক্ষতা বৃদ্ধির চেষ্টা করা; এবং
- সাক্ষাৎপ্রার্থীদের বিষয়গুলো মনোযোগ সহকারে শূনে ত্বড়িৎ ব্যবস্থা গ্রহণ করা ।

## অভিযোগ ও নিষ্পত্তি :

কোন অভিযোগ থাকলে যোগাযোগ করা যাবে-

### সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

টেলিফোন : ৮৮০২- ৯৫১২২৩২

ফ্যাক্স : ৮৮০২- ৯৫১৪২৭৭

ই-মেইলঃ [info@rdcd.gov.bd](mailto:info@rdcd.gov.bd)

ওয়েব সাইটঃ [www.rdcd.gov.bd](http://www.rdcd.gov.bd)